প্রতিমন্ত্রী শাহে আলমের বক্তব্যে ৫ শতাংশ ভুল হয়েছে: ইশরাক হোসেন



ছবি: সংগৃহীত

স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মীর শাহে আলমের সাম্প্রতিক বক্তব্যের প্রসঙ্গ টেনে মন্তব্য করেছেন সাবেক প্রতিমন্ত্রী ও ঢাকা-৬ আসনের সংসদ সদস্য ইশরাক হোসেন। তিনি বলেছেন, প্রতিমন্ত্রীর বক্তব্যের ৯৫ শতাংশ ঠিক থাকলেও ৫ শতাংশ ভুল হয়েছে।

বুধবার (১১ নভেম্বর) দিবাগত রাত সাড়ে ১২টার দিকে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে এ মন্তব্য করেন ইশরাক।

পোস্টে তিনি লেখেন, স্থানীয় সরকার প্রতিমন্ত্রীর বক্তব্য পুরোটা শুনলে বোঝা যেত, তার ৯৫ শতাংশ কথাই সঠিক। জনগণের করের টাকায় নির্মিত কাজের মান নিয়ে প্রতিমন্ত্রীর বক্তব্যের সঙ্গে একমত হওয়ার সুযোগ রয়েছে। তবে বাকি ৫ শতাংশে ভুল করেছেন তিনি। ইশরাকের বক্তব্য, উপহার কিংবা অন্য যে নামেই অভিহিত করা হোক, ঘুষের লেনদেন অবৈধ ও অনৈতিক।

ইশরাক আরও লেখেন, শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শের দল কোনো অনৈতিক বা অবৈধ কাজকে সমর্থন করে না। প্রতিমন্ত্রীর বক্তব্য ও চর্চা ব্যক্তিগত হতে পারে, তবে প্রধানমন্ত্রী ও সরকার এমন অবস্থান সমর্থন করে না। এ কারণে গণমাধ্যমে বিষয়টিকে প্রতিমন্ত্রীর ব্যক্তিগত বক্তব্য হিসেবেই তুলে ধরা উচিত ছিল বলে মন্তব্য করেন তিনি।

এর আগে মঙ্গলবার (১০ নভেম্বর) রাজধানীর আগারগাঁওয়ে এক অনুষ্ঠানে প্রতিমন্ত্রী মীর শাহে আলম বলেন, কোনো ঠিকাদার কাজের লভ্যাংশ থেকে খুশি হয়ে প্রকৌশলীকে উপহার দিলে সেটি ঘুষ হিসেবে গণ্য হবে না। তার এ বক্তব্য ঘিরে বিতর্ক তৈরি হয়।

পরদিন বুধবার নিজের বক্তব্যের জন্য দুঃখ প্রকাশ করেন প্রতিমন্ত্রী। তবে তার কথাকে ঘুষের বৈধতা দেওয়ার প্রচেষ্টা হিসেবে তুলে ধরাকে রাজনৈতিক অপপ্রচার বলেও মন্তব্য করেন তিনি।